

৬ষ্ঠ পে-কমিশন চালুর দাবিতে বড়জোড়া স্পিনিং মিলে বিক্ষোভ

দীপেন চাং, বড়জোড়া :রাজ্য সরকারি সংস্থা বড়জোড়া কো-অপারেটিভ স্পিনিং মিলের কর্মীরা রবিবার সকাল ৯টা থেকে ৬ষ্ঠ পে-কমিশন চালুর দাবিতে ফের অবস্থানে বসলেন। এর আগে ৪ দিন অবস্থান চলার পর স্থানীয় তৃণমূল শ্রমিক সংগঠনের মধ্যস্থতায় তাঁরা অবস্থান-বিক্ষোভ থেকে সরে আসেন। শনিবার শ্রমিক সংগঠনের নেতারা ও কর্মীদের নির্বাচিত প্রতিনিধিরা সংস্থার ম্যানেজিং ডিরেক্টর চিত্তরঞ্জন মহাপাত্রের সঙ্গে আলোচনায় বসলেও কোনো সমাধান সূত্র না মেলায় রবিবার সকাল থেকে তাঁরা কারখানার গেটের সামনে বিক্ষোভ দেখাতে থাকেন। কর্মী সংগঠনের নির্বাচিত প্রতিনিধি প্রদীপ নন্দী বলেন, ‘এখানের কর্মীরা বামফ্রন্ট আমল থেকেই বঞ্চিত। এবছর ১ জানুয়ারি থেকে রাজ্য সরকারি কর্মীরা ষষ্ঠ পে-কমিশনের বেতন কাঠামোর সুবিধা



পেলেও আমরা পাচ্ছি না। রাজ্যে এরকম ৬টি কো-অপারেটিভ স্পিনিং মিল রয়েছে। তার মধ্যে কল্যাণী ও পশ্চিম মেদিনীপুরের তামুলিগু কো-অপারেটিভ স্পিনিং মিল বন্ধ। অতচ তাঁরা ১ জানুয়ারি থেকে ষষ্ঠ পে-কমিশনের সুবিধা অনুযায়ী মাইনে পাচ্ছেন। অন্য কারখানার কর্মীরাও পাচ্ছেন। কিন্তু এখানের কর্মীরা বঞ্চিত রয়েছেন। এখন আমরা কারখানার

উৎপাদন সচল রেখে প্রতিদিন সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত অবস্থান বিক্ষোভ করছি। কারণ কারখানার ম্যানেজিং ডিরেক্টর সাহু জানিয়েছেন, তিনি মুখ্যমন্ত্রী সহ সংশ্লিষ্ট দফতরে সমস্যার কথা জানিয়ে চিঠি দেওয়া ছাড়া আর কিছু করতে পারবেন না। তাই আমরা এখনও কারখানা সচল রেখে প্রতিদিন ২ ঘণ্টা করে রিলে অবস্থান করছি। দাবি না মিটলে

আগামী মাস থেকে পরিবার নিয়ে লাগাতার অবস্থান বিক্ষোভে বসব। এই কারখানায় এখন ২৫০ জন স্থায়ী ও ৫০ জন অস্থায়ী কর্মী রয়েছেন। তৃণমূল শ্রমিক সংগঠনের নেতা তথা বড়জোড়া ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি অলক মুখার্জি এ প্রসঙ্গে বলেন, ‘কর্মীদের দাবি ন্যায্য। ওনাদের আন্দোলন করার অধিকার রয়েছে। আমরা বলেছি উৎপাদন যেন বন্ধ না হয়। আমরা জেলাশাসক, শ্রম কমিশনার, মুখ্যমন্ত্রী সহ সংশ্লিষ্ট দফতরে চিঠি দিয়েছি।’ বড়জোড়ার সিপিআই(এম) বিধায়ক সৃজিত চক্রবর্তী বলেন, ‘তৃণমূল সরকার শ্রমিকদের শোষণ করে মেলা খেলা সহ ক্লাবকে দান-খয়রাতি করছেন। পাশাপাশি শাসক দলের নেতাদের কাটমনি দিতে গিয়ে শ্রমিকদের বঞ্চিত করছেন। প্রতিদিন ২ ঘণ্টা করে রিলে অবস্থান করছি। দাবি না মিটলে

মুখ্যমন্ত্রীর কাছে পোস্টকার্ড পাঠিয়ে চাকরির দাবি বেকারদের

বিপুল ভট্টাচার্য, বর্ধমান ও চিত্ত মাহাত, পশ্চিম মেদিনীপুর : বেকারদের চাকরির দাবিতে রাজ্যের যুবশ্রী সংগঠন অভিবে পস্থা নিল। গোটা রাজ্য থেকে ১ থেকে ৮ সেপ্টেম্বর রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে নবামে পোস্টকার্ড পাঠিয়ে আবেদন জানানো শুরু হয়েছে। রাজ্য যুবশ্রী সংগঠনের সদস্য প্রণয় সাহা জানান, ‘গোটা রাজ্যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নথিভুক্ত বেকারের সংখ্যা এখন প্রায় ৩৫ লাখ, যার মধ্যে কেবলমাত্র পূর্ব বর্ধমান জেলাতেই নাম নথিভুক্ত রয়েছে ১ লাখের কাছাকাছি। রাজ্যে তৃণমূল সরকার ক্ষমতায় আসার পরই মুখ্যমন্ত্রী ২০১৩ সালে বেকারদের জন্য যুবশ্রী প্রকল্প ঘোষণা করেন। তাতে নথিভুক্ত বেকারদের মাসে ১,৫০০ টাকা বেকার ভাতা দেওয়ার কথা দেওয়া হয়েছিল। একইসঙ্গে বেকারদের কর্মদক্ষতা বাড়িয়ে তাঁদের স্থায়ী কর্মসংস্থানেরও সুযোগ করে দেওয়ার কথা ছিল। কিন্তু আজও বেকারদের



চাকরির সুযোগ সেভাবে হয়নি। গোটা রাজ্যে ৩৫ লাখ বেকারদের মধ্যে মাত্র ৫ হাজার বেকার এখন বেকার ভাতা হিসাবে মাসিক ১৫০০ টাকা পান। আমরা রাজ্য সরকারের কাছে এই অসহনীয় অবস্থা নিয়ে বারবার দরবার করছি। কোনো পরিস্থিতির জন্য এখন রাজ্য নমে আন্দোলন করতে পারছি না। তাই আন্দোলন চালিয়ে যাওয়ার জন্য দার্জিলিং থেকে সুন্দরবন পর্যন্ত সব বেকার ছেলেমেয়ে তাঁদের পরিস্থিতি ও করল আবেদন পোস্টকার্ডে পাঠাচ্ছেন মুখ্যমন্ত্রীর কাছে। আর এরমধ্যে ব্যাপক হারে পোস্টকার্ডের চাহিদা বেড়ে যাওয়ায় পোস্টকার্ড অমিলা আমরা আমাদের সদস্যদের জানিয়েছি, পোস্টকার্ড না পেলে খামে আবেদনপত্র পাঠান। কিন্তু সেক্ষেত্রেও ডাকবর থেকে প্রয়োজনীয় ডাকটিকিট মিলছে না। ১ থেকে ৮ সেপ্টেম্বরের মধ্যে পাঠানোর কথা বলা হলেও মাঝে ছুটি ও অফিস বন্ধ থাকার

পরিস্থিতি ও করল আবেদন পোস্টকার্ডে পাঠাচ্ছেন মুখ্যমন্ত্রীর কাছে। আর এরমধ্যে ব্যাপক হারে পোস্টকার্ডের চাহিদা বেড়ে যাওয়ায় পোস্টকার্ড অমিলা আমরা আমাদের সদস্যদের জানিয়েছি, পোস্টকার্ড না পেলে খামে আবেদনপত্র পাঠান। কিন্তু সেক্ষেত্রেও ডাকবর থেকে প্রয়োজনীয় ডাকটিকিট মিলছে না। ১ থেকে ৮ সেপ্টেম্বরের মধ্যে পাঠানোর কথা বলা হলেও মাঝে ছুটি ও অফিস বন্ধ থাকার

বিয়ের প্রতিশ্রুতি দিয়ে সহবাস, অভিযুক্ত এসআই

সুমন তালুকদার, বারাসাত : রাজ্য পুলিশের সাব ইন্সপেক্টর অরিজিৎ চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে এক তরুনীকে সহবাসের অভিযোগ উঠেছে। বুধস্পতিবার বারাসাত মহিলা থানায় এই অভিযোগ করেন নির্ঘাতিভা তরুনী। কিন্তু পুলিশ কোনো ব্যবস্থা নিচ্ছে না বলে বেহালার বাসিন্দা ওই তরুনীর অভিযোগ। যদিও ওই মহিলা শুক্রবার বিচারকের কাছে সিআরপিসির ১৬৪ ধারায় জবানবন্দি দিয়েছেন। তরুনীর অভিযোগ, ফেসবুক মারফত অরিজিৎ চট্টোপাধ্যায়ের সঙ্গে তাঁর ২০১৭ সালে পরিচয় হয়। এরপর ওই পুলিশ আধিকারিক বিয়ের প্রতিশ্রুতি দিয়ে নিয়মিত তাঁর সঙ্গে শারীরিক সম্পর্কে লিপ্ত হতেন। কিন্তু বিয়ে করতে টালবাহানা করায় চাপ দিলে ঘনিষ্ঠ মূর্ত্তরে ছবি সেশ্যাল মিডিয়ায় ছড়িয়ে



দেওয়ার হুমকি দিলে তরুনীটি বৃবতে পারেন যে, তিনি প্রতারিত হয়েছেন। খোঁজ নিয়ে তিনি জানতে পারেন, অরিজিৎ চট্টোপাধ্যায় বিবাহিত। তিনি

খড়গপুরে ধৃত ২ মাদক কারবারি
নিজস্ব সংবাদদাতা, খড়গপুর : খড়াপুরের মহকুমা পুলিশ আধিকারিক সুকোমল দাস জানান, শনিবার রাতে খড়াপুর বাসস্ট্যান্ডের লাগোয়া এলাকা থেকে মহিলা সহ ২ জন মাদক কারবারিকে গ্রেফতার করে পুলিশ। তাদের কাছ থেকে প্রচুর গাঁজা উদ্ধার হয়েছে। ধৃতরা পাঁচবেড়িয়া এলাকার বালুবস্তির বাসিন্দা। এই চক্রের বাকি জড়িতদের খোঁজ চলছে।

প্রিমিয়ার ফেরো অ্যালয়স অ্যান্ড সিকিওরিটিস লিমিটেড	অ্যাকম রিসোর্সেস লিমিটেড
<p>CIN : L27310WB1977PLC031117</p> <p>রেজিস্টার্ড অফিস: ৬৮৭ আনন্দপুর, ই-এম বাইপাস, দ্বিতীয় তল, কলকাতা- ৭০০১০৭</p> <p>টেলি নং: ০৩৩ ৬৬৩৩ ৬২৪৪, ফ্যাক্স: ০৩৩ ৬৬৩৩ ৬২৪২</p> <p>ওয়েবসাইট : www.pfasl.in, ই-মেইল : panemnanics@emamigroup.com</p> <p>বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি</p> <p>এতদ্বারা বিজ্ঞপ্তি করা হচ্ছে যে কোম্পানী-৪ সনসদেৱে ৪৩তম বার্ষিক সাধারণ সভা (এ বি এম) আগামী বুধবার, ৩০ সেপ্টেম্বর, ২০২০ সকাল ১১টার কোম্পানির রেজিস্টার্ড অফিস ৬৮৭ আনন্দপুর, ই এম বাইপাস, দ্বিতীয় তল, কলকাতা- ৭০০১০৭-এ অনুষ্ঠিত হবে।</p> <p>কোম্পানিজ আর্ট ২০১৩ (জিও আর্ট) এর সেকশন ১০১ ও এর অধীন প্রযোজ্য অন্যান্য রুলস, সেবি (সিভি) অর্বাধিপনেন আন্ড ডিসক্রেসার রিকোয়ারমেন্ট) প্রেভলেন্স ২০১৫ এর ৪২ তম রেগুলেশন ও সেকোরিয়ারাল আর্ডারজ অন জেনারেল মিটিং (একএস-২) অনুযায়ী, কোম্পানীর রেজিস্টার অফ মেম্বারস ও শেয়ার ট্রান্সফার বুকস বৃহস্পতিবার ২৪ সেপ্টেম্বর, ২০২০ থেকে বুধবার ৩০ সেপ্টেম্বর, ২০২০ (টুটি নিউ অক্টবুর্ড) পর্যন্ত ৪৩তম এন্ড ইজ এর জন্য বন্ধ থাকবে, যেটি বুধবার, ৩০ সেপ্টেম্বর, ২০২০ সকাল ১১টায় কোম্পানির রেজিস্টার্ড অফিস ৬৮৭ আনন্দপুর, ই এম বাইপাস, দ্বিতীয় তল, কলকাতা- ৭০০১০৭-এ অনুষ্ঠিত হবে।</p> <p>কোম্পানিজ আর্ট ২০১৩ এর সেকশন ১০৮, কোম্পানিজ (ম্যানেজমেন্ট আন্ড আডমিনিস্ট্রেশন রুলস) ২০১৪ এর ২০ নম্বর ধারা ও সেবি (সিভি) অর্বাধিপনেন আন্ড ডিসক্রেসার রিকোয়ারমেন্টস) প্রেভলেন্স ২০১৫ এর ৪৪ তম রেগুলেশন অনুযায়ী কোম্পানির সদস্যদের নোটিফ মধ্যমে এজিএম এর সভায় ভোটাধিকারের সুবিধা পাচ্ছে। ২৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখ হিসাবে ফেরে সবসময় ডিজিটাল্য অন্তর্ভা ডিম্যারিটেরিয়ালসিড জন্ড মাধ্যমে সেশ্যারের অধিকারী তাঁরা সেশ্যাল ডিজিটিজটির সার্ভিসেস লিমিটেড (সিভিসেসএল) এর ই-কোটি পদ্ধতিতে দূরবর্তী স্থান (রিসটে ই-কোটি) থেকে ভোট দিতে পারবেন।</p> <p>সদস্যরা মনে রাখবেন যে,</p> <p>(ক) নোটিফ ভোটের মাধ্যমে এজিএম এর বিজ্ঞপ্তিতে প্রজ্ঞাবিত সমস্ত ব্যবসায়িক কার্যকলাপ সম্পন্ন হবে।</p> <p>(খ) রিসটেট ই-কোটি পদ্ধতির সুবিধা হবে আগামী ২৭ সেপ্টেম্বর, ২০২০, সকাল ৯টা ও সন্মাত ৬ট পর্যন্ত ২৯ সেপ্টেম্বর, ২০২০, বিকাল ৫টা। উক্ত সময়ের পর সিভিসেসএল ই-ভোটিংয়ের মডিউল বন্ধ করে দেবে।</p> <p>(ঘ) এজিএম-এ বা নোটিফ মধ্যমে ভোট দেওয়ার যোগ্যতা নির্ধারিত হবে ক্যা-সহ তারিখ ২৩ সেপ্টেম্বর ২০২০।</p> <p>সদস্যরা মনে রাখবেন যে,</p> <p>একবার ভোট দানের পর মতামত পরিবর্তন করা যাবে না।</p> <p>ই-ভোটিং প্রক্রিয়া স্বচ্ছভাবে পরিচালনার জন্য কোম্পানি মেম্বা মোবী, গ্রাহকটিসিং কোম্পানি সলিভ, সিওপি : ১৪৭৭১, মেম্বারশিপ নম্বার : ৫৯০৮৮-৫৯ কু-ডুমিআইজার হিসাবে নিয়োগ করেছে।</p>	<p>রেজিস্টার্ড অফিস : ১৮৮, নবম তল, আগরওয়াল হাবলিবেলেনস অ্যান্ড ডিসক্রেসার রিকোয়ারমেন্টস) প্রেভলেন্স, ২০১৫ এর ৪৭তম রেগুলেশন অনুযায়ী, ৩০ জুন, ২০২০ তারিখের সমস্ত ইনোভেশনের অন্তর্ভুক্তি আর্থিক কল্যাণ বিবেচনা ও অনুমোদনের জন্য মেম্বারস, ১৫ সেপ্টেম্বর, ২০২০ তারিখে দুপুর ১২টা কোর্স অফাক রিসোর্সেস লিমিটেড-এর পরিচালক পরিলে একটি সভা কোম্পানির রেজিস্টার্ড অফিস ১৮৮, নবম তল, আগরওয়াল হাবলিবেলেনস, নেতাজী সুভাষ স্ট্রে, দিকভঙ্গুর, নিউরিট - ১১০০৫৪ -এ অনুষ্ঠিত হবে।</p> <p>বোর্ডের আলোচনাসরে অ্যাকম রিসোর্সেস লিমিটেড-এর পক্ষে</p> <p>তারিখ : ৫.০২.২০২০</p> <p>ম্যানেজিং ডিরেক্টর</p>
ডালমিয়া ল্যামিনিটেরস লিমিটেড	বিজ্ঞপ্তি
<p>CIN NO : L51491WB1986PLC040284</p> <p>রেজিস্টার্ড অফিস : ১০০১, নবম স্ট্রীট, কলকাতা- ৭০০০০৭</p> <p>ফোন : +৯১-৩৩-২২৬৯ ৪৪৪৭ / ৪০১৭ ৬৯০০</p> <p>ই-মেইল : kolkata@dmldgroup.in</p> <p>ওয়েবসাইট : www.dmldmiagroup.com</p> <p>বিজ্ঞপ্তি</p> <p>এতদ্বারা বিজ্ঞপ্তি করা হচ্ছে যে, সেবি (সিভি) অর্বাধিপনেনস অ্যান্ড ডিসক্রেসার রিকোয়ারমেন্টস) প্রেভলেন্স, ২০১৫ এর ৪৭তম রেগুলেশন অনুযায়ী, ৩০ জুন, ২০২০ তারিখের সমস্ত ইনোভেশনের অন্তর্ভুক্তি আর্থিক কল্যাণ বিবেচনা ও অনুমোদনের জন্য মেম্বারস ১৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখের দুপুর ১২.৩০ টার কোম্পানির পরিচালক পর্যবে একটি সভা ডালমিয়া ল্যামিনিটেরস লিমিটেড-এর অংশেটি অফিস ডালমিয়া হাউস, ১০১১, ২য় 'ফ্লি' মিড অলিমপুর, কলকাতা - ৭০০০০৭-এ অনুষ্ঠিত হবে।</p> <p>বিজ্ঞপ্তি পাঠায়া যাবে কোম্পানীর ওয়েবসাইটে www.dmldmiagroup.com ও কোম্পানির সেশার হাবলিবেলিড অফিস ১০০১ নম্বর এনএসএলএস ৩০নবেটিউ-এ www.cse-india.com</p>	<p>বোর্ডের আলোচনাসরে ডালমিয়া ল্যামিনিটেরস লিমিটেড-এর পক্ষে</p> <p>তারিখ : ০৪.০২.২০২০</p> <p>ম্যানেজিং ডিরেক্টর</p>
প্রিমিয়ার ফেরো অ্যালয়স অ্যান্ড সিকিওরিটিস লিমিটেড	বোর্ডের আলোচনাসরে, অ্যাকম রিসোর্সেস লিমিটেড-এর পক্ষে
<p>স্থান : কলকাতা</p> <p>তারিখ : ০৪.০২.২০২০</p>	<p>প্রয়ো রাইখ কোম্পানী সলিভ</p>

নন্দকুমারে বহুতলে আগুন

তুহিনগুপ্ত **আগুয়ান**, **নন্দকুমার** : শনিবার সন্ধ্যায় পূর্ব মেদিনীপুর জেলার নন্দকুমারের খণ্ডিতে ইলেকট্রিক শর্ট সার্কিট থেকে বহুতল বাড়িতে আগুন। সূত্রের খবর, এদিন সন্ধ্যায় স্থানীয়ারা আচমকা ওই বাড়ির নিচতলার একটি বিস্কুটের কারখানা থেকে কালো ধোঁয়া বের হতে দেখেন। প্রথমে তাঁরাই আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেন। পরে আগুন ভয়াবহ আকার নিলে দমকলে খবর দেওয়া হয়। এরপর দমকলের ১টি ইঞ্জিন ঘটনাস্থলে এসে পৌঁছে



আগুন নিয়ন্ত্রণে আনেন। এদিনে নন্দকুমার থানার ওসি গোপাল পাঠক বলেন, প্রাথমিকভাবে ইলেকট্রিক শর্ট সার্কিট থেকে এই আগুন লাগতে পারে বলে মনে করা হচ্ছে। তবে ঘটনার তদন্ত করে দেখা হচ্ছে।

রাস্তা মেরামতির দাবিতে বাগদায় অবরোধ

অনি কীর্তিনা, বাগনা : উত্তর ২৪ পরগনার বাগনা ব্লকের আশারু থেকে আমভোর পর্যন্ত জেলাপরিষদের অধীনে থাকা রাস্তার অবস্থা বেহাল। এই রাস্তা মেরামতির দাবিতে রবিবার দুপুরে আশারু পঞ্চায়েতের সামনে বাগনা-বর্নগাঁ সড়ক অবরোধ করে বিজেপি। তাদের দাবি, কয়েক মাস আগে আশারু পঞ্চায়েত থেকে জানানো হয়েছিল রাস্তার টেন্ডার হয়ে গেছে। তাড়াতাড়ি কাজ শুরু করে দেন। রবিবার চাষের কাজ ছেড়ে হাট করে দাবি করে কাজ শুরু হল না, অবরোধ থেকে তার জবার চাওয়া হয়। পুলিশের তরফে উর্দ্ধতন কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে কাজ শুরু করার আশ্বাস দিলে অবরোধ ওঠে। বাগদা পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি তরল ঘোষ জানান, ‘যে চিকাকর্মীকে টেন্ডার দেওয়া হয়েছিল, তিনি কালো তালিকাভুক্ত হয়েছেন। তাই রাস্তার কাজ শুরু করা যায়নি। কাজ যাতে তাড়াতাড়ি শুরু করা যায়, তার চেষ্টা করছি।’

রাজপুর-সোনারপুরে চালু হয়নি অনলাইনে কর আদায় পরিষেবা, দুর্ভোগ

বিমল বন্দ্যোপাধ্যায়, দক্ষিণ ২৪ পরগনা : রাজপুর-সোনারপুর পুরসভার অনলাইনে ট্যাক্স নেওয়ার সিদ্ধান্ত হলেও করোনার কারণে আপাতত তা থমকে গেছে। স্বাভাবিকভাবে নাগরিকদের এই সময়ে বরো অফিসে গিয়ে লাইনে দাঁড়িয়ে বাড়ির ট্যাক্স জমা দিতে হচ্ছে। রাজপুর, গড়িয়া, মহামায়াতলা এলাকার পুরনাগরিকদের কথায়, অনলাইনে হলে এই ভতিমারির সময়ে রোদের মধ্যে ঝুঁকি নিয়ে বাইরে যেতে হত না। বাড়িতে বসে স্মার্টফোনের সাহায্যে নিরাপদে কর দেওয়া যেনো। কিন্তু তা না হওয়াতে বরো অফিসে গিয়ে জমা দেওয়ার জন্য আতঙ্কিত। কারণ, রাজপুর-সোনারপুর জুড়ে করোন আক্রান্তের

দুর্লভপুরে বিশাল অজগর উদ্ধার

অশোক মণ্ডল, দুবরাজপুর : বীরভূমের সদাইপুর থানার দুর্লভপুর গ্রামের জঙ্গলের এক গাছ থেকে শনিবার রাতে বিশাল আকারের অজগর সাপ উদ্ধার হয়। খবর যায় সদাইপুর থানায়। বনবিভাগের কর্মীরা আসেন। সেখান থেকে খবর দেওয়া হয় ভারত সরকারের ওয়াইল্ডলাইফ ক্রাইম কন্ট্রোল ব্যুরোর সদস্য তথা অজয়পুর উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞানের শিক্ষক দীনবন্ধু বিশ্বাসকে। তিনি জেলা বনকর্তার সঙ্গে কথা বলে ওই অজগরটিকে বস্তাবন্দি করে রেখে রবিবার বন্দফতরের আধিকারিকের কাছে নিয়ে যান। তিনি জানান, ‘সাপটির ওজন প্রায় ১৪ কিলোগ্রাম। লম্বা ৮ ফুটেরও বেশি। বয়স অনুমানিক ৮-১০ বছর। পূর্ণবয়স্ক। আর ওই জঙ্গলে এই ধরনের সাপের আন্তানা আছে।’ সাপটি সুস্থ ও সবল থাকায় এদিন সকালে জেলা বন কর্তার উপস্থিতিতে নিষপদ জায়গায় ঘন জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে।

কালনায় বিজেপি কর্মীর খুনিদের ধরার দাবিতে অবরোধ, ধৃত ৭

শ্যামল রায়, কালনা : কালনা-২ নং ব্লকের পাথরঘাট গ্রামে বিজেপি কর্মী রবিন পালের খুনিদের গ্রেফতারের দাবিতে রবিবার কালনা-অসম রোড অবরোধ করল বিজেপি। ছিলেন বিজেপির জেলা সভাপতি কৃষ্ণ ঘোষ, সহসভাপতি সুশান্ত পাণ্ডে ও আরো অনেকে। জেলা সভাপতি কৃষ্ণ ঘোষ জানান, ‘শনিবার সকাল ৯টা নাগাদ একশো দিনের কাজে গাছের ডাল কাটা নিয়ে বাঁশ ও রড দিয়ে পিটিয়ে খুন করে আমাদের কর্মী রবিন পালকে। আমরা কালনা থানায় ১৫ জনের নামে খুনের অভিযোগ দায়ের করেছি। পুলিশ এ পর্যন্ত ৭জন অভিযুক্তকে গ্রেফতার করেছে। বাকিরা পলাতক। এদিন আমরা রাস্তা অবরোধ করে বাকি অভিযুক্তদের গ্রেফতার ও সেইসঙ্গে স্থানীয় পঞ্চায়েত প্রধানকে গ্রেফতারের



দাবিতে সরব হয়েছি।’ পুলিশ সূত্রে অবস্থা জানা গেছে, অভিযুক্তদের ধরতে সব রকম তহাশি শুরু হয়েছে। পরিস্থিতি অনেকটাই স্বাভাবিক। তবে স্থানীয় তৃণমূলের নেতারা জানান, ‘পারিবারিক দ্বন্দ্ব্বেই এই ঘটনা ঘটেছে। রাজনৈতিক কোনো ঘটনা

নয়। স্থানীয় তৃণমূল নেতা বাদল পাত্রও মারপিটের ঘটনায় জখম হয়ে হাসপাতালে চিকিৎসাধীন।’ পুলিশ কড়া নজরদারি শুরু করেছে। পরিস্থিতি যাতে আরো খোারলো না হয়, সেজন্য পুলিশ এলাকায় মোবাইল টহল শুরু করেছে।

নতুন আলু আসতে দেরি, দাম চড়ায় চাষির মুখে হাসি

পরাণ মজুমদার, মুর্শিদাবাদ : কয়েকদিনের মধ্যেই আলুর দাম আরো বাড়তে চলেছে। কারণ, পূজোর আগে টানা দিন কয়েকের অবিরাম বৃষ্টির সঙ্গে গঙ্গার জলে প্লাবনের ফলে এবার নতুন আলু বাজারে আসতে দেরি হবে বলে চাষি থেকে ব্যবসায়ীরা মনে করছেন। আখেরে লাভের মুখ দেখছেন চাষিরা। আসলে গত কয়েক বছর পূজোর পর আলুর দাম নামতে থাকায় বর্ষ চাষি হিমঘরের ভাড়া মিটিয়ে আলু ছাড়তেই আসেননি। এবার অন্তত সেই অবস্থা হবে না বলেই মনে করছেন চাষি, আলু ব্যবসায়ী ও হিমঘর মালিকরা। আলু ব্যবসায়ীদের বকবা, এখনও অনেক জমিতে জল দাঁড়িয়ে রয়েছে। কোনোরকমে চাষিরা ধান কেটে ঘরে তুলতে পারলেও সেই জমি আলুচাষের উপযোগী করে তুলতে ১৫

থেকে ২০দিন সময় লাগবে। এ নিয়ে জঙ্গিপুত্রের আলুচাষি তপন সরকার, তাজমল শেখরা একই কথা জানান, যে জমিতে আলুচাষ করব বলে তাঁরা ঠিক করেছেন, সেই জমিতে নামলে জমে থাকা জলে পা ডুবে যাচ্ছে। ধান তোলার পর বেশ কয়েক দিন কাড়া রোদ পেলেই তবে জমি আলুচাষের উপযুক্ত হবে। চাষ দেরি হওয়ায় এবার বাজারে নতুন আলু আসতেও দেরি হবে। এই ঝাঁকে হিমঘরের থাকা কয়েক বছরের আলু ভালো দামে বাজারে ছাড়ার তাঁরা সুযোগ পাবেন। জেলায় আলুর মজুদদার বিকাশ সাহা বলেন, ‘এখন পর্যন্ত হিমঘরে মজুত আলু ৫০% থেকে ৫৫% বেরিয়ে গেছে। চাষি খিঁচিয়ে যাওয়ায় মজুত আলু দিয়েই চাহিদা পূরণ করতে হবে। ফলে দাম বাড়বে।’

খড়গপুর রেলের প্রাতর্ভ্রমণ অনুষ্ঠান

সুমনকুমার দাস, খড়গপুর : করোনা কালে শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে কেন্দ্রীয় সরকারের ক্রীড়া মন্ত্রকের উদ্যোগে ‘ফ্রি ইন্ডিয়া ফ্রিডম’ অনুষ্ঠান শুরু হয়েছে। এরমধ্যে রবিবার সকালে সাউথ ইষ্টার্ন রেল স্পোর্টস অ্যাসোসিয়েশনের উদ্যোগে স্বেচ্ছাসেবী সংগঠন সেন্ট জন আন্থস্বেল ব্রিগেডের সহযোগিতায় প্রাতর্ভ্রমণ অনুষ্ঠান হল। এদিন অনুষ্ঠানে ছিলেন ডিভিশনের



স্পোর্টস অফিসার বীরেন্দ্র কুমার রলানিয়া, সেরসার ক্রীড়া সচিব সন্দীপ ছেন্না, সেন্ট জন সংগঠনের সম্পাদক অসীম নাথ কর্তারা জানান, করোনা কালে অনেকেই বাড়িতে বসে বসে মানসিক রোগের শিকার হচ্ছেন। তাঁদের শরীরে নানা রোগ বাসা বাঁধছে। তাই সময়

পেলে বাড়িতেই ব্যায়াম, প্রাণায়ম করতে হবে। এতে শারীরিক ও মানসিক ভাবে সুস্থ থাকা যায়। সেন্ট জন সংগঠনের সম্পাদক অসীম নাথ বলেন, বাড়ির কারো শ্বাসকষ্ট শুরু হলে পরিবারের লোকজন বৃবতে পারেন না রোগীকে নিয়ে তাঁরা কী করবেন। এজন্য সকলেরই সিপিআর,

পূর্ব বর্ধমানে তৃণমূলকে ঢেলে সাজাতে উদ্যোগ

নিজস্ব সংবাদদাতা, কালনা : লক্ষ্য আগামী বিধানসভা নির্বাচন। তাই সংগঠনকে ঢেলে সাজাতে উদ্যোগ নিয়েছে তৃণমূল কংগ্রেস। রবিবার পূর্ব বর্ধমান জেলার তৃণমূল কংগ্রেস নেতা তথা রাজ্যের তৃণমূলের মুখপাত্র দেবু চুড় বলেন, ‘আমাদের দলীয় সংগঠন মজবুত-ই আছে। তবুও নতুন ব্লক কমিটি ঢেলে সাজানো হচ্ছে। লোকসভা ভোটারে সময় দেখা গেছে, কিছু এলাকায় পেরয়া শিবিরে ভোট বেশি পড়েছে। তাই বিধানসভা

নির্বাচনের আগে নতুন ব্লক কমিটিকে আরো বেশি মজবুত করার লক্ষ্য নিয়ে দলের সংগঠন ঢেলে সাজানোর উদ্যোগ নেওয়া হয়েছে।’ সূত্রের খবর, এ নিয়ে কালনা, পূর্বস্থলী ও মন্তেশ্বরে বিভিন্ন ব্লকের গ্রামপঞ্চায়েত এলাকায় সমীক্ষার কাজ চলছে। তৃণমূলে যারা বিরোধী হিসাবে পরিচিতি, তাঁদের ছেঁটে ফেলে নতুন মুখ আনার চেষ্টা চলছে। দলীয় নেতৃব্বের আশা, বিধানসভা ভোটে বিজেপি কিছুই করতে পারবে না।

বাবার হাতে মেয়ে খুন, কবর থেকে তোলা হল দেহ

তুহিনগুপ্ত **আগুয়ান, মহিষাদল** : পূর্ব মেদিনীপুর জেলার মহিষাদল থানার গাজীপুর গ্রামের বাসিন্দা শেখ সিরাজুলের বিরুদ্ধে গত শুক্রবার মেয়েকে জলে ফেলে খুন করার অভিযোগ ওঠে। রোজিনা বিবি স্বামীর বিরুদ্ধে মহিষাদল থানায় এই অভিযোগ করেন। হালদিয়ার মহকুমা পুলিশ আধিকারিক তন্ময় মুখোপাধ্যায় বলেন, ‘আদালতের নির্দেশে অভিযোগ তদন্ত করে দেখা হচ্ছে। শেখ সিরাজুলের সঙ্গে তাঁর স্ত্রী রোজিনা ববির মধ্যে সাংসারিক



অশান্তি চলছিল। রোজিনাবিবি শ্বশুরবাড়ি ছেড়ে সম্প্রতি বাপের বাড়ি

নন্দীগ্রামে চলে যান। সঙ্গে নিজের বড়ো মেয়েকে নিয়ে যান। ছোটো মেয়ে গাজীপুরে বাবার কাছে ছিল। গত শুক্রবার বাবার বিরুদ্ধে ছোটো মেয়েকে জলে ফেলে খুন করার অভিযোগ ওঠে। রোজিনা বিবি স্বামীর বিরুদ্ধে মহিষাদল থানায় এই অভিযোগ করেন। হালদিয়ার মহকুমা পুলিশ আধিকারিক তন্ময় মুখোপাধ্যায় বলেন, ‘আদালতের নির্দেশে অভিযোগ তদন্ত করে দেখা হচ্ছে। সেইমতো মৃতদেহ কবর থেকে তোলা হয়েছে।’



লাখের ওপর। ফলে বাড়ির নকশা থেকে মিউটেশনের চাপও প্রতিদিন বেড়ে চলেছে। বেড়েছে করদাতার সংখ্যাও। তার পরিকল্পিতে পুরণা পরিষেবা অনলাইনে করার পরিকল্পনা নেয় কর্তৃপক্ষ। সেইমতো লকডাউনের আগে পরিকাঠামো

তৈরির কাজ শুরু হয়। পুরনাগরিকরা জানান, রাজপুর-সোনারপুর পুরসভার প্রধান কার্যালয় হরিণাভিতে আবার ট্যাক্স নেওয়ার ব্যবস্থা নেই। এটি বরো অফিস গড়িয়া, মহামায়াতলা, রাজপুর, সোনারপুর ও বোড়ালো তা নেওয়া হয়। কর বিভাগের ১ আধিকারিক

করোনা হয়। ফলে ১টি বরো অফিস দীর্ঘ সময় বন্ধ রাখতে হয়েছিল। পুরসভার প্রশাসক ও প্রাক্তন পুরপ্তের ডাঃ পল্লব দাস বলেন, ‘অনলাইন পরিষেবা সব বরোতে একসঙ্গে চালু করতে চাইছি। আশা করা যায় নভেম্বর মাসে হয়ে যাবে।’